



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শেরপুর।



নম্বর: ১৩.০২.৮৯০০.০০০.৫৭.০০৬.১৯.২৯৯

তারিখ: ২৪ চৈত্র ১৪২৮

০৭ এপ্রিল ২০২২

অফিস আদেশ

শেরপুর জেলা সদরে ওএমএস ডিলারের মাধ্যমে আটা বিক্রির উদ্দেশ্যে খাদ্য অধিদপ্তরের বন্টন শাখার ০৬/০৩/২০২২ খ্রি. তারিখের ২১১ নং স্মারকে মেসার্স সূচী ফ্লাওয়ার মিলস্, বিসিক শিল্পনগরী, শেরপুর এর অনুকূলে ১৬৯ মে.টন গমের বরাদ্দ প্রদানের প্রেক্ষিতে ১৪০ মে.টন গম গম উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত উপ-বরাদ্দের মিলারের নিকট প্রাপ্য ফলিত আটা হতে ডিলার প্রতি দৈনিক ০.৫০০ মে.টন হারে নিম্নোক্ত তারিখে সংশ্লিষ্ট ০৪ জন ওএমএস ডিলারের মাধ্যমে ৬ মে.টন আটা নীতিমালার আলোকে বিক্রির জন্য বরাদ্দ প্রদান করা হলো।

ওএমএস ডিলারগণ মেসার্স সূচী ফ্লাওয়ার মিলস্ হতে প্রতি কেজি ১৬/- (ষোল) টাকা দরে বরাদ্দকৃত পরিমাণ আটা ক্যাশ মেমোর মাধ্যমে উত্তোলন করবেন এবং বিক্রির নির্ধারিত তারিখে জন প্রতি ০৫ (পাঁচ) কেজি হারে প্রতি কেজি ১৮/- (আঠার) টাকা দরে (ডিলার প্রতি দৈনিক সর্বোচ্চ ০.৫০০ মে.টন বা ৫০০ কেজি) আটা বিক্রয় করবেন।

নং	ওএমএস ডিলারের নাম, দোকানের অবস্থান ও মোবাইল নাম্বার	তদারকী কর্মকর্তার নাম	আটা বরাদ্দের পরিমাণ (মে.টন)	বিক্রির তারিখ
১।	জনাব মোঃ আব্দুল হাকিম সুরুজ, নবীনগর বাজার, ০১৭১৩৫০৩২৩১	জনাব মোঃ ইদ্রিস আলী অফিস সহকারী কাম-কম্পি: মুদ্রা:	১.৫০০	
২।	জনাব হারুন অর রশিদ, হাসপাতাল রোড, নারায়ণপুর, ০১৭১৮১৬০৪৩৮	জনাব মোঃ শাহ আলম সহকারী উপ-খাদ্য পরিদর্শক	১.৫০০	০৯/০৪/২২ (শনিবার)
৩।	জনাব মোঃ সাদিকুর রহমান, চকপাঠক, ০১৭১১২৯৮৫২	জনাব মোঃ জিন্নাত আলী নিরাপত্তা প্রহরী	১.১০০	১০/০৪/২২ (রবিবার)
৪।	জনাব মোঃ শাহজালাল, সজবরখিলা, ০১৯২৫০০৫৪১০	জনাব মোঃ আতাউর রহমান খান উপ-খাদ্য পরিদর্শক	১.৫০০	১১/০৪/২২ (সোমবার)
মোট =			৫.৬০০	

উল্লেখ্য, ক্রমিক নং-০৩ এর ডিলারের নিকট পূর্বের বরাদ্দের ০.৪০০ মে.টন অবিক্রিত আটা মজুত রয়েছে। উক্ত আটাসহ তার এ বরাদ্দের আটা নির্ধারিত তারিখে সর্বোচ্চ ৫০০ কেজি হারে বিক্রয় করবেন।

শর্তাবলীঃ


- ১। করোনা ভাইরাস সংক্রমণ এড়ানোর লক্ষ্যে অত্র দপ্তরের ১৪/০৪/২০২১ খ্রি. তারিখের ৩১৫ নং স্মারকের নির্দেশনা কঠোরভাবে মেনে চলতে হবে। ব্যর্থতায় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ময়মনসিংহ এর ২০/১২/২০২১ খ্রি. তারিখের ১২৬৯ নং স্মারকের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট ফ্লাওয়ার মিলার ফলিত আটা শেরপুর এলএসডি-১ এ সরবরাহপূর্বক পাকা রশিদ প্রদানের মাধ্যমে ওএমএস ডিলারের নিকট সরবরাহ করবেন এবং সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, শেরপুর এলএসডি-১ আলাদা রেজিস্টারে সকল হিসাব লিপিবদ্ধ করবেন।

৩। ডিলারগণকে বরাদ্দ আদেশের সমুদয় আটা একসাথে উত্তোলন করতে হবে।

৪। তদারকী কর্মকর্তা দিনের বিক্রয়যোগ্য আটা ও চালের পরিমাণ যাচাইপূর্বক সন্তুষ্ট হয়ে বিক্রয় আদেশ দেয়ার পূর্বে বিক্রয় শুরু করা যাবে না।

৫। দিনের বিক্রয় শেষে তদারকী কর্মকর্তা বিক্রিত পণ্যের মাস্টাররোল ও মজুত যাচাই করে রেজিস্টারে স্বাক্ষর করবেন।

৬। ওএমএস দোকান তদারকীকালেন কোন অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষণিক নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করবেন।



৭-৪-২০২২

মোঃ আল-ওয়াজিউর রহমান

জেলা খাদ্য নিয়ন্ত্রক

ফোন: ০৯৩১-৬১৩৪৮

ইমেইল:

dcf.spr@dgfood.gov.bd

নম্বর: ১৩.০২.৮৯০০.০০০.৫৭.০০৬.১৯.২৯৯/১(১১)

তারিখ: ২৪ চৈত্র ১৪২৮
০৭ এপ্রিল ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর

২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ

৩) পুলিশ সুপার, শেরপুর

৪) উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর, শেরপুর

৫) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুর সদর, শেরপুর।

৬) সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, শেরপুর এলএসডি-১, শেরপুর- আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ময়মনসিংহ এর ২০/১২/২০২১ খ্রি. তারিখের ১২৬৯ নং স্মারকের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য বলা হলো


৭) জনাব মোঃ মাহবুবুর রহমান, খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর, শেরপুর।

৮) তদারকী কর্মকর্তা (সকল),

৯) মেসার্স সূচি ফ্লাওয়ার মিলস্, প্রোঃ বিপ্লব প্রসাদ কানু, বিসিক শিল্পনগরী, শেরপুর সদর, শেরপুর-আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ময়মনসিংহ এর ২০/১২/২০২১ খ্রি. তারিখের ১২৬৯ নং স্মারকের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য বলা হলো

১০) ওএমএস ডিলার (সকল),

১১) অফিস কপি, অত্র দপ্তর, শেরপুর



৭-৪-২০২২

মোঃ আল-ওয়াজিউর রহমান

জেলা খাদ্য নিয়ন্ত্রক